

جَمَلَةٌ شَرْطِيَّةٌ شَرْتِیْنِ بَاقِی [Conditional Sentence]

আরবী এবং বাংলায় শর্ত (شرط) একই শব্দ এবং একই অর্থ নির্দেশ করে। স্মরণ করি, جَمَلَةٌ شَرْطِيَّةٌ হলো একটি “যদি-তখন” বা “if-then” বাক্য যা একটি শর্ত নির্দেশের পাশাপাশি উক্ত শর্তের ফলাফল বর্ণনা করে। ইতিপূর্বে আমরা جَمَلَةٌ شَرْطِيَّةٌ এর মৌলিক ফর্মগুলো অধ্যয়ন করেছি। এই অধ্যায়ে আগের ধারণাগুলোর পর্যালোচনার পাশাপাশি অতিরিক্ত কিছু ফর্ম নিয়ে আলোচনা করা হবে।

১.১ جَمَلَةٌ شَرْطِيَّةٌ এর ব্যাকরণ

স্মরণ করুন, جَمَلَةٌ شَرْطِيَّةٌ এর দুটি মূল অংশ রয়েছে: شرط শর্ত এবং جواب الشرط শর্তের জবাব (শর্তের ফলাফল)। সাধারণত শর্ত এবং শর্তের জবাব হবে مجزوم অথবা في محل جزم

১.২ جَمَلَةٌ شَرْطِيَّةٌ এর পর্যালোচনা

ইতিপূর্বে আমরা অধ্যয়ন করেছি কিভাবে إِنَّ ব্যবহার করে جَمَلَةٌ شَرْطِيَّةٌ তৈরী করা হয়। এর পাশাপাশি جَمَلَةٌ شَرْطِيَّةٌ তে فعل أمر এবং فعل نهی এর ব্যবহার ও পর্যালোচনা করা হয়েছিল। কিছু উদাহরণ পর্যালোচনা করা যাক:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِن تَنصُرُوا اللَّهَ يَنصُرْكُمْ وَيُثَبِّتْ أَقْدَامَكُمْ ৪৭-৭ হে বিশ্বাসীগণ! যদি তোমরা আল্লাহকে সাহায্য কর, আল্লাহ তোমাদেরকে সাহায্য করবেন এবং তোমাদের পা দৃঢ়প্রতিষ্ঠ করবেন।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا: حرف نداء و منادى

إِن تَنصُرُوا اللَّهَ: شرط. إِنَّ: حرف شرط جازم. تَنصُرُوا: فعل مضارع مجزوم بإن فاعله "أنتم" الله: لفظ الجلالة مفعول به.

يَنصُرْكُمْ: جواب الشرط فعل مضارع مجزوم فاعله هو. كُمْ: ضمير متصل في محل نصب مفعول به.
و: عاطفة. يُثَبِّتْ: معطوف بالواو على "ينصر" و تُعَرِّبُ إِعْرَابَهَا. أَقْدَامَكُمْ: مفعول به.

অনুশীলন: নিচের আয়াতটির ইরার সম্পন্ন করুন:

أَرْسَلَهُ مَعَنَا غَدًا يَرْتَعُ وَيَلْعَبُ ১২:১২ তাকে আমাদের সঙ্গে কালকে পাঠিয়ে দাও, সে আমোদ করুক ও খেলাধুলা করুক,

১.৩ جَمَلَةٌ شَرْطِيَّةٌ এর গঠন

جَمَلَةٌ شَرْطِيَّةٌ বিশ্লেষণে প্রাথমিকভাবে তিনটি حروف বিবেচনা করা যেতে পারে: إِذَا, إِنَّ, لَوْ

لَوْ ব্যবহৃত হয় অসম্ভব অথবা অসত্য পরিস্থিতির ক্ষেত্রে। এটি'র অনুবাদ “এটি যদি এমন হতো যে / had it been the case that...” এমনও হতে পারে। যা নির্দেশ কর যে সম্ভবত এটি ঘটবে না।

إِذَا এবং إِذَا সম্ভবপর পরিস্থিতির ক্ষেত্রে ব্যবহৃত হয়। কিন্তু إِذَا তখন ব্যবহৃত হয় যখন ঘটনাটি ঘটায় সম্ভবনা বেশী থাকে। এটিকে অনুবাদ করা হয় “যদি এবং যখন....”।

إِنَّ হলো একটি অনুমান বা hypothesis। এটি তখন ব্যবহৃত হয় যখন ঘটনাটি ঘটায় সমান অথবা ক্ষেত্রে বিশেষে কম সম্ভবনা থাকে।

নিচের ছকে এগুলো'র মধ্যে পার্থক্যগুলো তুলনা করা হলো:

لَوْ	অসম্ভব অথবা অসত্য পরিস্থিতি বা শর্ত	لَوْ ذَهَبْتُ	আমি যদি যেতাম If I went/If I had gone
إِذَا	সম্ভবপর পরিস্থিতি বা শর্ত এবং ঘটনার সম্ভবনা বেশী	إِذَا ذَهَبْتُ	যখন আমি যাব If and when I go
إِنْ	সম্ভবপর পরিস্থিতি বা শর্ত এবং ঘটনার সম্ভবনা সমান	إِنْ ذَهَبْتُ	যদি আমি যাই If I go

১.৩.১ লَوْ শর্তাধীন বাক্য

لَوْ সবসময় ماضٍ ফেল'র সাথে ব্যবহৃত হয়। যখন لَوْ শর্তে ব্যবহৃত হয় তখন সাধারণত শর্তের জবাবের বাক্যটি ل দিয়ে শুরু হয়, যদিও তা বাধ্যতামূলক নয়। لَوْ ফি'ল কে مَجْزُوم করে না। ফলে لَوْ এর ক্ষেত্রে শর্ত এবং শর্তের জবাব مَجْزُوم বা محل جزم في হিসেবে বিবেচনা করা হয় না। কিছু উদাহরণ দেখা যাক:

لَوْ ذَهَبْتُ لَرَأَيْتُهُ আমি যদি যেতাম তাহলে আমি সেটি দেখতে পেতাম। If I went I would have seen it.

لَوْ وَقَفْتُ مَا ضَرَبْتُهُ আমি যদি থেমে যেতাম তাহলে আমি হয়ত এটিকে আঘাত করতাম না। If I had stopped I wouldn't have hit it.

لَوْ لَا رَحْمَتُ اللَّهِ لَفَشَلْتُ যদি আল্লাহ'র অনুগ্রহ না থাকতো, আমি অকৃতকার্য হতাম। If it were not for the mercy of Allah, I would have failed.

কুরআন থেকে উদাহরণ:

فَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ لَكُنْتُمْ مِنَ الْخَاسِرِينَ ২:৬৪ কাজেই আল্লাহ'র প্রসন্নতা ও তাঁর করুণা যদি তোমাদের উপরে না থাকত তবে তোমরা অবশ্যই হতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।

ف: استئنافية. لَوْ لَا: حرف شرط غير جازم. فَضْلُ اللَّهِ: مبتدأ. عَلَيْكُمْ: متعلق بالخبر. وَ: عاطفة. رَحْمَتُهُ: معطوف على "فضل الله". ل: واقعة في جواب "لولا". كُنْتُمْ مِنَ الْخَاسِرِينَ: جواب الشرط غير جازم. كُنْتُمْ: مبتدأ

فعل ماض ناقض اسمه "انتم". مِنَ الْخَاسِرِينَ: متعلق بالخبر

অনুশীলন: নিচের আয়াতগুলো অনুবাদ করুন:

لَوْ أَنزَلْنَا هَذَا الْقُرْآنَ عَلَى جَبَلٍ لَّرَأَيْتَهُ خَاشِعًا مُتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ اللَّهِ কোনো পাহাড়ের উপরে অবতীর্ণ করতাম তাহলে তুমি দেখতে পেতে আল্লাহ'র ভয়ে তা নুইয়ে পড়েছে, ভেঙ্গে চুরমার হয়ে গেছে।

أَوْ تَقُولَ لَوْ أَنَّ اللَّهَ هَدَانِي لَكُنْتُ مِنَ الْمُتَّقِينَ ৩৯:৫৭ 'অথবা তাকে বলতে হয় -- 'আল্লাহ যদি আমাকে সংপথ দেখাতেন তাহলে আমি নিশ্চয়ই ধর্মভীরুদের মধ্যকার হতাম',

وَلَوْ أَنزَلْنَا مَلَكًا لَّفُضِيَ الْأَمْرُ ثُمَّ لَا يُنظَرُونَ ৬:৮ আর যদিও আমরা একজন মালাককে পাঠাতাম তা হলে ব্যাপারটি নিশ্চয়ই মীমাংসা হয়ে যেত, তখন তাদের অবকাশ দেয়া হবে না।

لَوْ أَطَاعُونَا مَا قَاتَلُوا ৩:১৬৮ [লক্ষ করুন এখানে শর্তের উত্তরে "লা" ব্যবহৃত হয়নি]** "তারা যদি আমাদের কথা শুনতো তবে তাদের কাতল করা হতো না।"

লাউ বাক্যে শর্তের জবাব "না" বাচক হলে সাধারণত শর্তের জবাবের শুরুতে "লা" ব্যবহৃত হয় না।

وَقَالُوا لَوْ كُنَّا نَسْمَعُ أَوْ نَعْقِلُ مَا كُنَّا فِي أَصْحَابِ السَّعِيرِ ৬৭:১০ আর তারা বলবে -- "আমরা যদি শুনতাম অথবা বুদ্ধি প্রয়োগ করতাম তাহলে আমরা জ্বলন্ত আগুনের বাসিন্দাদের মধ্যে হতাম না।"

কুরআনিক রত্ন

أَفَلَا يَتَذَكَّرُونَ الْقُرْآنَ ۚ وَلَوْ كَانَ مِنْ عِنْدِ غَيْرِ اللَّهِ لَوَجَدُوا فِيهِ اخْتِلَافًا كَثِيرًا

৪:৮২ কি! তারা কি তবে কুরআন সম্বন্ধে ভাববে না? বস্তুত তা যদি আল্লাহ্ ছাড়া অন্য কারো কাছ থেকে হতো তবে তাতে নিশ্চয়ই তারা পেতো প্রচুর গরমিলা

উপরের আয়াতটিতে শর্ত বাক্য শুরু হয়েছে لَوْ দিয়ে এবং এর জবাব শুরু হয়েছে لَ দিয়ে। স্মরণ করুন, যে لَوْ সাধারণত অসম্ভব এবং অসত্য পরিস্থিতিতে ব্যবহৃত হয়, অতএব উপরের আয়াতে لَوْ এর ব্যবহার অর্থবহ।

আরেকটি সুন্দর পর্যবেক্ষণ হলো যে আমাদের আলিম/পন্ডিত দের এই আয়াতের জন্য তৈরী করা হয়েছে তা এমন যে اخْتِلَافًا শব্দটি নসব ফর্মে শুধুমাত্র একবার কুরআন মাজীদে এসেছে এবং তা রয়েছে এই আয়াতে। অতএব এই আয়াতটি আক্ষরিকভাবে এবং ভাষাগতভাবে সত্য।

১.৩.২ শর্তাধীন বাক্য

إِذَا সাধারণত ماضِ فعل'র সাথে ব্যবহৃত হয় কিন্তু তা অর্থ হয় مضارع فعل এর মতো। এর শর্তের জবাবও হলো ماضِ فعل। যদি এটি ماضِ فعل ছাড়া অন্যকিছু হয় তবে সেটি সাধারণত সূচনা করা হয় ف দিয়ে।

إِذَا ذَهَبْتُ رَأَيْتُهُ যদি এবং যখন আমি যাব, আমি এটি দেখবো। If and when I go I will see it.

إِذَا ذَهَبْتُ فَأَرَاهُ যদি এবং যখন আমি যাব তখন আমি এটি দেখবো। If and when I go then I will see it.

إِذَا أَرَدْتَ أَنْ تَذْهَبَ فَاسْتَمِعْ لِي যদি তুমি যেতে চাও তাহলে আমার কথা শোনো! If you want to go then listen me.

ইরাসহ উদহারণ:

وَإِذَا قِيلَ لَهُمْ آمِنُوا كَمَا آمَنَ النَّاسُ قَالُوا أَنُؤْمِنُ كَمَا آمَنَ السُّفَهَاءُ ২:১৩ আর যখন তাদের বলা হলো -- “তোমরাও ঈমান আনো যেমন লোকেরা ঈমান এনেছে” , তারা বললে -- “আমরা কি বিশ্বাস করব যেমন মূর্খরা বিশ্বাস করছে?”

وَ: عاطفة إِذَا.... النَّاسُ : شرط

إِذَا: أداة الشرط . قِيلَ: فعل ماضٍ مبني للمجهول. لَهُمْ: متعلق بالفعل. ءَامِنُوا.... النَّاسُ: جملة فعلية في محل رفع نائب الفاعل. ءَامِنُوا: فعل أمر فاعله "أنتم". كَمَا ءَامَنَ النَّاسُ: متعلق بالفعل. كَ: حرف جر. مَا: مصدرية في محل جر بالكاف. ءَامَنَ النَّاسُ: جملة فعلية صلة الموصول. ءَامَنَ: فعل ماضٍ. النَّاسُ: فاعل. قَالُوا.... السُّفَهَاءُ: جواب الشرط غير جازم. قَالُوا: فعل ماضٍ فاعله "هم". أَنُؤْمِنُ.... السُّفَهَاءُ: جملة فعلية في محل نصب مقول القول. أ: همزة استفهام. نُؤْمِنُ: فعل مضارع فاعله "نحن". كَمَا ءَامَنَ السُّفَهَاءُ: متعلق بالفعل و تعرب إعراب "كما ءامن الناس".

অনুশীলন: নিচের আয়াতগুলো অনুবাদ করুন:

الَّذِينَ إِذَا أَصَابَتْهُمْ مُصِيبَةٌ قَالُوا إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ ২:১৫৬ যারা তাদের উপরে কোনো আপদ-বিপদ ঘটলে বলে -- “নিঃসন্দেহ আমরা আল্লাহ্র জন্যে, আর অবশ্যই আমরা তাঁরই কাছে প্রত্যাবর্তনকারী।

وَإِذَا قَضَىٰ أَمْرًا فَإِنَّمَا يَقُولُ لَهُ كُن فَيَكُونُ ٢:١١٩ আর যখনই তিনি কোনো বিষয় বিধারিত করেন তিনি সে-সম্বন্ধে তখন শুধু বলেন -- “হও”, আর তা হয়ে যায়।

وَإِذَا سَأَلَكَ عِبَادِي عَنِّي فَإِنِّي قَرِيبٌ ٢:١٨٦ আর যখন আমার বান্দারা আমার সম্বন্ধে তোমাকে জিজ্ঞাসা করে, তখন -- " আমি নিঃসন্দেহ অতি নিকটো”

চ্যালেঞ্জ প্রশ্ন: সূরা আন-নাসর এর ইরাবটি সম্পন্ন করুন :

إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ ۖ وَرَأَيْتَ النَّاسَ يَدْخُلُونَ فِي دِينِ اللَّهِ أَفْوَاجًا ۗ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ ۗ إِنَّهُ كَانَ تَوَّابًا ٢

১.৩.৩ ۞ শর্তাধীন বাক্য

এই ধরনের শর্তবাক্যগুলো দুই ভাবে লেখা হয় থাকে:

১) শর্তে থাকবে ۞ + فعل ماضٍ এবং শর্তের জবাব হতে হবে ماضٍ ।

إِن دَرَسْنَا نَجْحْنَا ۞ যদি আমরা অধ্যয়ন করি, আমরা সফল হবো ।

২) শর্তে থাকবে ۞ + فعل مضارع مجزوم এবং শর্তের জবাব হতে হবে مجزوم ।

إِن نَدْرُسْ نَنْجَحْ ۞ যদি আমরা অধ্যয়ন করি, আমরা সফল হবো ।

যদি শর্তের জবাব শর্তের সাথে না মিলে, যেভাবে উপরের উদাহরণ দুটি মিলে গেছে, সেক্ষেত্রে সাধারণত ۞ দিয়ে শর্তের জবাব সূচনা করা হয় । “ফা” এর ব্যবহারের বিস্তারিত নিয়ম পরে বর্ণনা করা হবে ইন-শায়া-আল্লাহ ।

إِن لَّمْ أَذْهَبْ فَلَا يَذْهَبْ ۞ যদি আমি না যাই সেক্ষেত্রে সে যাবে না ।

إِن يَذْهَبْ فَأَذْهَبْ مَعَهُ ۞ যদি সে যায় তাহলে তার সাথে যাও !

ইরাবসহ উদাহরণ:

إِن تَأْمَنَّهُ بِقِنطَارٍ يُؤَدِّهِ إِلَيْكَ ۗ ৩:৭৫ তুমি যদি একগাদা আমানত রাখো সে তোমাকে তা ফিরিয়ে দেবে,

إِن تَأْمَنَّهُ بِقِنطَارٍ: شرط. ۞: أداة الشرط جازمة. تَأْمَنُ: فعل مضارع مجزوم فاعله "أنت" ۞: ضمير متصل في محل نصب مفعول به. بِقِنطَارٍ: جار و مجرور متعلق ب"تأمن".

يُؤَدِّهِ إِلَيْكَ: جواب الشرط. يُؤَدِّ: فعل مضارع مجزوم يحذف حرف العلة فاعله "هو" ۞: ضمير متصل في محل نصب مفعول به. إِلَيْكَ: جار و مجرور متعلق ب"يؤد".

অনুশীলন: নিচের আয়াত গুলোতে শর্ত এবং শর্তের জবাব গুলো'র নিচে দাগ দিন:

فَلَمَّا أَصَابَهُ مِجْرَاءٌ مِنْ عَذَابِ اللَّهِ وَأَصَابَتْهُ فِتْنَةٌ انْقَلَبَ عَلَىٰ وَجْهِهِ ۗ ٢:١٧٥ ফলে যদি তার প্রতি ভাল কিছু ঘটে সে তাতে সন্তুষ্ট হয়, কিন্তু তার প্রতি যদি বিপর্যয় ঘটে সে তার মুখ ফিরিয়ে ঘুরে যায়

۱:۵৪: دَوْلِينَ اتَّيْتِ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ بِكُلِّ آيَةٍ مَّا تَبِعُوا قِبَلَتِكَ
তাদের কাছে সবক'টি নিদর্শন নিয়ে আস তবুও তারা তোমার কিবলাহ্ মেনে চলবে না।

৩:১২০: إِنْ تَمَسَّسْكُمْ حَسَنَةٌ تَسُؤْهُمْ وَإِنْ تُصِبْكُمْ سَيِّئَةٌ يَفْرُحُوا بِهَا
তাদের দুঃখ দেয়, আর যদি মন্দ কিছু তোমাদের পাকড়াও তবে তাতে তারা হয় পরমানন্দিত।

১.৩.৪ যখন امر فعل হয় শর্ত

ইতিপূর্বে আমরা অধ্যয়ন করেছি যে যদি امر فعل একটি শর্তের অন্তর্ভুক্ত হয় তবে এর পরে ۱ সন্মিলিত একটি শর্ত বাক্য উহ্য হিসেবে অবস্থান করে। ফলে শর্তের জবাব একই নিয়ম অনুসরণ করে। امر মাজযুম ফলে এর অনুসরণকারী শর্তের জবাব مجزوم হয়।

অনুশীলন: নিচের আয়াতগুলো'র ইরাব সম্পন্ন করুন:

۸০:২৬ ذُرُونِي أَقْتُلْ مُوسَى
আমাকে ছেড়ে দাও যাতে আমি মূসাকে বধ করতে পারি

۲:১৩৫ وَقَالُوا كُونُوا هُودًا أَوْ نَصَارَى تَهْتَدُوا -- "ইহুদীয় বা খ্রীষ্টান হও, তোমরা হেদায়ত পাবে।"

۱২:৯ اِقْتُلُوا يُوسُفَ أَوْ اظْرَحُوهُ أَرْضًا يَخْلُ لَكُمْ وَجْهَ أَبِيكُمْ وَتَكُونُوا مِنْ بَعْدِهِ قَوْمًا صَالِحِينَ
মেয়ে ফেল অথবা কোনো দেশে নির্বাসন দাও, তাহলে তোমাদের আব্বার মুখ তোমাদের দিকেই নিবিষ্ট হবে, এবং তার পরে তোমরা ভাল লোক হতে পারবে।

۱২:৯:۩ اذْهَبُوا بِقَمِيصِي هَذَا فَاَلْقُوهُ عَلَى وَجْهِ أَبِي يَأْتِ بَصِيرًا
আমার এই জামাটি নিয়ে যাও এবং এটি আমার আব্বার মুখের সামনে রেখো, তিনি চক্ষুস্মান হবেন।

۲৭:১২ وَأَدْخِلْ يَدَكَ فِي جَيْبِكَ تَخْرُجَ بَيْضَاءَ مِنْ غَيْرِ سُوءٍ
আর তোমার হাত তোমার পকেটে ঢোকাও, এটি বেরিয়ে আসবে সাদা হয়ে কোনো দোষক্রটি ছাড়া

১.৩.৫ ۱ এবং ۱ (ইসম মাউসুল) কে শর্ত হিসেবে ব্যবহার

স্মরণ করুন যে, ۱ এবং ۱ এর অনেক ব্যবহার এবং অর্থ রয়েছে। যখন শর্ত হিসেবে ব্যবহৃত হয় তখন شرط এবং جواب উভয়ই مجزوم হয় অথবা جزم في محل হয়। শর্ত হিসেবে যখন ব্যবহৃত হয় তখন ۱ এর অর্থ “যে কেউ” এবং ۱ এর অর্থ “যা কিছু”।

۱ مَنْ يَدْرُسْ يَنْجَحْ যে কেউ অধ্যয়ন করে, সফল হবে।

۱ مَا تُنْفِقْ تُجْزَ যা কিছু তুমি খরচ করো, তোমাকে পুরস্কার দেয়া হবে।

অন্যভাবে ۱ এবং ۱ যে কোন فعل এর সাথে শর্ত হিসেবে ব্যবহার করা যায়।

ইরাবসহ উদহারণ:

۶:৩৯ مَنْ يَشَأِ اللَّهُ يُضِلَّهُ وَمَنْ يَشَأِ يُجْعَلُهُ عَلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ
যেতে দেন, আর যাকে ইচ্ছা করেন তাকে তিনি স্থাপন করেন সহজ-সঠিক পথের উপরে।

مَنْ يَشَاءِ اللَّهُ: شرط. مَنْ: شرطية جازمة. يَشَاءُ: فعل مضارع فعل الشرط مجزوم. اللَّهُ: لفظ الجلالة فاعل مرفوع للتعظيم. يُضَلِّلُهُ: جواب الشرط فعل مضارع مجزوم فاعله "هو". هُ: ضمير متصل في محل نصب مفعول به. وَ: عاطفة. مَنْ يَشَاءُ يَجْعَلُهُ: معطوفة على الجملة السابقة و تُعَرَّبُ إعرابها عَلَى صِرَاطٍ مُسْتَقِيمٍ: جار و مجرور متعلق ب "يجعل" مُسْتَقِيمٍ: صفة-نعت-ل "صراط".

অনুশীলন: নিচের আয়াতগুলো অনুবাদ করুন:

اللَّهُ ۖ وَمَا تَفْعَلُوا مِنْ خَيْرٍ يَعْلَمُهُ اللَّهُ ۗ ۙ ۚ ۛ ۜ ۝ ১৯৭ আর ভালো যা-কিছু তোমরা কর, আল্লাহ তা জানেন।

اللَّهُ ۖ وَمَا تُنْفِقُوا مِنْ خَيْرٍ يُؤْتِ الْيَتِيمَ ۗ ۙ ۚ ۛ ۜ ۝ ২৭২ আর ভালো যা-কিছু তোমরা খরচ কর তা তোমাদের পুরোপুরি প্রদান করা হবে,

اللَّهُ ۖ وَمَنْ كَفَرَ فَأُمْتِعْهُ قَلِيلًا ۗ ۙ ۚ ۛ ۜ ۝ ১২৬ তিনি বললেন -- "আর যে অবিশ্বাস পোষণ করবে তাকে আমি ক্ষণেকের জন্য ভোগ করতে দেব

اللَّهُ ۖ إِنَّهُ مِنْ يَأْتِ رَبَّهُ مُجْرِمًا فَإِنَّ لَهُ جَهَنَّمَ ۗ ۙ ۚ ۛ ۜ ۝ ৭৪ নিঃসন্দেহ যে কেউ তার প্রভুর কাছে আসে অপরাধী হয়ে তার জন্য তবে তো রয়েছে জাহান্নাম।

اللَّهُ ۖ وَمَنْ يَأْتِ مِنْكُمْ بِفَاحِشَةٍ مُّبِينَةٍ يُضَاعَفْ لَهَا الْعَذَابُ ضِعْفَيْنِ ۗ ۙ ۚ ۛ ۜ ۝ ৩৩:৩০ তোমাদের মধ্যের কেউ যদি স্পষ্ট অশালীনতা নিয়ে আসে, তারজন্য শাস্তিকে দ্বিগুণে বর্ধিত করা হবে।

১.৪ جملہ شرطیة এর সারাংশ এবং সম্মিলিত অনুশীলন

شرط	جواب الشرط	অর্থ
لَوْ	সাধারণত فعل ماض দিয়ে শুরু হয়। যদি না-বোধক "ما" দিয়ে শুরু হয় সেক্ষেত্রে ل দিয়ে শুরু হয় না।	অসম্ভব পরিস্থিতিতে
إِذَا	সাধারণত فعل ماض কিন্তু ক্ষেত্র বিশেষে مضارع فعل مجزوم হতে পারে, তবে তা হতে পারে না। (যখন এর ব্যতিক্রম হয় তখন ف দিয়ে শুরু হয়)	সম্ভবপর পরিস্থিতিতে যা ঘটার সম্ভাবনা বেশী
إِنْ	সাধারণত فعل ماض কিন্তু مضارع এর অর্থ নির্দেশ করে	সম্ভবপর পরিস্থিতিতে এবং যা ঘটার সম্ভাবনা সমান সমান অথবা কম।
	فعل مضارع مجزوم এর সাথে ব্যবহৃত হয়	
فعل أمر	فعل مضارع مجزوم	إِنْ সম্মিলিত একটি শর্ত বাক্য উহ্য হিসেবে অবস্থান করে
مَا وَ مَنْ	সাধারণত فعل مضارع مجزوم এর সাথে ব্যবহৃত হয়। فعل ماض ও আসতে পারে।	إِنْ সম্মিলিত শর্ত বাক্যের অনুরূপ।